খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন শাখা-০২)

তারিখ : ১০-০২-২০২৫ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত ডিসিপ্লিনে প্রভাষক (বেতনক্রম ২২,০০০-৫৩,০৬০/- টাকা) এর শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রমিক নং	ডিসিপ্লিন	পদ সংখ্যা
১.	নগর ও গ্রামীণ পরিকল্পনা	০৩ (তিন) টি (শূন্য পদের বিপরীতে)
২.	ফরেস্ট্রি এন্ড উড্ টেকনোলজি	০৩ (তিন) টি (শূন্য পদের বিপরীতে)
৩.	ইংরেজি	০১ (এক) টি (শূন্য পদের বিপরীতে)
৪.	ভাস্কর্য	০১ (এক) টি (শূন্য পদের বিপরীতে)
৫.	গণযোগাযোগ ও সাংবাদিকতা	০২ (দুই) টি (শূন্য পদের বিপরীতে)
৬.	স্থাপত্য	০৪ (চার) টি (শূন্য পদের বিপরীতে)
৭.	ইতিহাস ও সভ্যতা	০২ (দুই) টি (শূন্য পদের বিপরীতে)
৮.	রসায়ন	০১ (এক) টি (শূন্য পদের বিপরীতে)

আবেদনের শর্তাবলী :

১। আবেদন অনলাইন (Online)-এ করতে হবে এবং অনলাইনে পূরনকৃত আবেদন পত্র ডাউনলোড করতঃ প্রয়োজনীয় (৩নং শর্তে চাহিত) কাগজপত্রাদি সহ ১০(দশ) সেট আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর বরাবর ০৩-০৩-২০২৫ খ্রি. তারিখ বিকাল ৫-০০ টার মধ্যে ডাক যোগে/সরাসরি হার্ড কপি প্রেরণ করতে হবে। অনলাইন (Online)-এ আবেদনের সাথে ৬০০/- (ছয়শত) টাকা অনলাইন (Online)-এ পেমেন্ট করতে হবে। অনলাইন (Online) আবেদন ফরম, পেমেন্ট, নিয়োগ বিজ্ঞপ্তি এবং নিয়োগ সংক্রান্ত নিয়মাবলী খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (http://ku.ac.bd/career/) পাওয়া যাবে।

২। চাকরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৩। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদির সত্যায়িত কপি অবশ্যই দাখিল করতে হবেঃ

(ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ-এর সত্যায়িত কপি

(খ) সকল মার্কসিট/ ট্রান্সক্রিপ্ট এর সত্যায়িত কপি

(গ) নাগরিকত্ব সনদ এবং NID কার্ডের সত্যায়িত কপি

(ঘ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ছবি ১০ (দশ) কপি

৪। লিখিত/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ ডি.এ. প্রদান করা হবে না।

৫। **আগামী ১১-০২-২০২৫ থেকে ০৩-০৩-২০২৫ খ্রি. তারিখের মধ্যে অনলাইন (Online)-এ আবেদন করা যাবে।**

৬। অনুমোদিত পদ থাকা সাপেক্ষে পদ সংখ্যার হ্রাস-বৃদ্ধি হতে পারে।

৭। কোনো চাকরিপ্রার্থী খুলনা বিশ্ববিদ্যালয় / অন্যান্য যে কোনো বিশ্ববিদ্যালয় থেকে যে কোনো মেয়াদে শাস্তিপ্রাপ্ত/অর্থ দন্ডে দন্ডিত হলে খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী পদে নিয়োগের জন্য যোগ্য বলে বিবেচিত হবে না। তবে কেউ যদি শাস্তির বিষয়টি গোপন রেখে চাকরিতে যোগদান করেন এবং পরবর্তীতে প্রাপ্ত শাস্তির বিষয়টি প্রকাশিত হলে তাকে তাৎক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয়ের চাকরি থেকে অব্যাহতি প্রদান করা হবে। খুলনা বিশ্ববিদ্যালয়ের চাকরির আবেদন ফরমে প্রার্থীদের কোনো ধরণের শাস্তিপ্রাপ্ত কিনা তা একটি কলামে সংযোজন এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বিষয়টির উল্লেখ থাকতে হবে।

৮। নিয়োগ প্রদান সংক্রান্ত সকল সিদ্ধান্ত কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৯। অত্র বিশ্ববিদ্যালয়ে স্থাপত্য, ইতিহাস ও সভ্যতা এবং রসায়ন ডিসিপ্লিনে গত ২৯-০৪-২০২৪ খ্রি. তারিখ প্রকাশিত বিজ্ঞাপন অনুযায়ী যারা আবেদন করেছেন তাদেরকে পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

(প্রফেসর ড. এস এম মাহবুবুর রহমান)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা
E-mail : registrar@ku.ac.bd